রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, আগস্ট ২৮, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

**বস্ত্র-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ২০ আগস্ট, ২০১৪

**নং ২৪.০০.০০০০.১১৬.২৮.০১১.১৩-২০৫**—বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠাকল্পে "বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড আইন, ২০১৩" গত ০৭-০৩-২০১৩ তারিখে এবং বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড গঠন আদেশ গত ৩০-০৪-২০১৩ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। তাছাড়া বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের পরিচালনা পর্ষদ গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন গত ২৭-০৬-২০১৩ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। এক্ষণে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড আইন, ২০১৩ এর ৬(১) ধারা মতে নিম্নরূপভাবে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের পরিচালনা পর্ষদ পুন গঠন করা হলো ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | চেয়ারম্যান |
| (খ) | জনাব ফজলে হোসেন বাদশা, মাননীয় সংসদ সদস্য, ৫৩ রাজশাহী-২। | - | জ্যেষ্ঠ ভাইস চেয়ারম্যান |
| (গ) | সিনিয়র সচিব/সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | ভাইস চেয়ারম্যান |
| (ঘ) | বিভাগীয় কমিশনার, রাজশাহী | - | সদস্য |
| (ঙ) | যুগ্ম-সচিব (বস্ত্র-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | সদস্য |
| (চ) | যুগ্ম-সচিব (আইন-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - | সদস্য |
| (ছ) | যুগ্ম-সচিব (পিপি), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| (জ) | যুগ্ম-সচিব (আস), শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা | - | সদস্য |
| (ঝ) | মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী | - | সদস্য-সচিব |
| (ঞ) | (১) প্রফেসর, ড. সেলিনা পারভীন, প্রাণিবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়। | - | সদস্য |
| | (২) প্রফেসর ড. গৌরপদ ঘোষ, উদ্ভিদবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়। | - | সদস্য |
| (ট) | (১) জনাব মোঃ ইয়াছিন আলী শাহ, রেশম পোকা পালনকারী | - | সদস্য |
| | (২) মোছাঃ রওশনারা বেগম, রেশম সূতা উৎপাদনকারী | - | সদস্য |
| | (৩) জনাব আলাউদ্দিন আহমেদ, রেশম পণ্যের ব্যবসায়ী | - | সদস্য |



**মূল্য ঃ** টাকা ৪.০০

**শর্তাবলী ঃ**

(১) দফা (ঞ) ও (ট) এর অধীন মনোনীত সদস্যগণ নিয়োগ অথবা ক্ষেত্রমত, মনোনয়নের তারিখ হতে তিন বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর সদস্যপদ বাতিল করতে পারবে।

(২) মনোনীত কোন সদস্য চেয়ারম্যানের নিকট লিখিত স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করতে পারবেন। তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কোন পদত্যাগ কার্যকর হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গোপা চৌধুরী**
যুগ্ম-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd